# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন বিদেশে জনশক্তি প্রেরণকারী একমাত্র সরকারি সংস্থা)
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.boesl.gov.bd

স্মারক নং-৪৯.০২.০০০০.০০৬.০১.০০১.২৬-১৬০ তারিখ: ০১.০৭.২০২৬ খ্রি.

# দক্ষিণ কোরিয়ায় চাকরি প্রত্যাশীদের ২০২৭ সালের শেষার্ধে রোস্টারভুক্তির লক্ষ্যে আগ্রহীদের কোরিয়ান ভাষা পরীক্ষায় অংশগ্রহণে নিবন্ধন ও পরীক্ষার সময়সূচি ঘোষণা

**(ইপিএস-এ আবেদন চাকরির নিশ্চয়তা প্রদান করে না, এটি চাকরির প্রক্রিয়ার একটি অংশ)**

সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, কোরিয়া প্রজাতন্ত্রের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের (MoU) ভিত্তিতে এমপ্লয়মেন্ট পারমিট সিস্টেম (ইপিএস) কর্মসূচি বাস্তবায়িত হয়ে আসছে। উক্ত কর্মসূচির আওতায় কোরিয়ান ভাষা দক্ষতা, শারীরিক সক্ষমতা এবং অন্যান্য নির্ধারিত যোগ্যতা বিবেচনা করে কোরিয়া প্রজাতন্ত্রের হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট সার্ভিস অব কোরিয়া (এইচআরডি কোরিয়া) যোগ্য প্রার্থীদের চাকরির জন্য জব রোস্টারে অন্তর্ভুক্ত করে। পরবর্তীতে কোরিয়ান নিয়োগদাতার কর্মী নিয়োগের চাহিদার ভিত্তিতে কোরিয়া প্রজাতন্ত্রের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনস্থ জব সেন্টারসমূহ জব রোস্টারে অন্তর্ভুক্ত প্রার্থীদের মধ্য থেকে দৈবচয়ন (Random Selection) পদ্ধতিতে ১:৩ অনুপাতে প্রার্থীদের তথ্য সংশ্লিষ্ট নিয়োগদাতার নিকট উপস্থাপন করে। সংশ্লিষ্ট নিয়োগদাতা তার প্রয়োজন, চাহিদা ও পছন্দ অনুযায়ী ৩ জন থেকে ১ জন কর্মী নির্বাচন করে থাকেন। বিদ্যমান নীতিমালা অনুযায়ী, জব রোস্টারে অন্তর্ভুক্ত হওয়ার পর নির্ধারিত মেয়াদের মধ্যে কোনো প্রার্থী চাকরির সুযোগ লাভ করতে না পারলে তার নাম স্বয়ংক্রিয়ভাবে রোস্টার থেকে বাতিল (Delete) হয়ে যায়। অতএব, **জব রোস্টারে অন্তর্ভুক্তি চাকরি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না; বরং এটি চাকরির জন্য প্রার্থী নির্বাচনের একটি ধাপমাত্র।** উল্লেখ্য, এই প্রক্রিয়া শুধুমাত্র বাংলাদেশের জন্য প্রযোজ্য নয়। ইপিএস কর্মসূচিতে অংশগ্রহণকারী বিশ্বের মোট ১৭টি দেশে আন্ত:দেশীয় প্রতিযোগিতার ভিত্তিতে একই নিয়ম ও উল্লিখিত শর্তে দক্ষিণ কোরিয়ায় কর্মী প্রেরণ করছে।

২। এইচআরডি কোরিয়ার চাহিদা এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী উৎপাদন (Manufacturing) খাতে ২,০০০ (দুই হাজার) জন প্রার্থীকে জব রোস্টারভুক্তির লক্ষ্যে সর্বমোট ২০,০০০ (বিশ হাজার) জন প্রার্থীকে কোরিয়ান ভাষা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে। এ লক্ষ্যে নিবন্ধন কার্যক্রম দুই পর্যায়ে সম্পন্ন করা হবে—

- **১ম পর্যায়**—১লা জানুয়ারি ২০২৪ থেকে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত জব রোস্টার থেকে ডিলিট হয়েছেন বা হবেন **(উৎপাদন, নির্মাণ, মৎস্য ও জাহাজ নির্মাণ শিল্প)** এমন প্রার্থীদের পুনরায় কোরিয়ান ভাষা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের লক্ষ্যে যেসব প্রার্থীর জন্ম তারিখ ১১ জুলাই ১৯৮৬ থেকে ১০ জুলাই ২০০৮-এর মধ্যে, কেবল তারা আবেদন করতে পারবেন। নিবন্ধন কার্যক্রম আগামী ১০ জুলাই ২০২৬ থেকে ১২ জুলাই ২০২৬ পর্যন্ত অনুষ্ঠিত হবে;
- **২য় পর্যায়**—১ম পর্যায়ের নিবন্ধন সম্পন্ন হওয়ার পর অবশিষ্ট আসনের বিপরীতে বর্ণিত ৩ ও ৪ নম্বর শর্তাবলি অনুযায়ী সাধারণ প্রার্থীদের জন্য নিবন্ধন কার্যক্রম পরিচালিত হবে। এ পর্যায়ে **"আগে আসলে আগে পাবেন" (First Come, First Served)** ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিবন্ধনের লক্ষ্যে যেসব প্রার্থীর জন্ম তারিখ ১৫ জুলাই ১৯৮৬ থেকে ১৪ জুলাই ২০০৮-এর মধ্যে, কেবল তারা আবেদন করতে পারবেন। নিবন্ধন কার্যক্রম আগামী ১৪ জুলাই ২০২৬ থেকে ১৬ জুলাই ২০২৬ পর্যন্ত অনুষ্ঠিত হবে। এবং
- **বিশেষ নির্দেশনা**—এভাবে সর্বমোট ২০,০০০ (বিশ হাজার) প্রার্থীর কোটা পূরণ করা হবে। একজন প্রার্থী শুধুমাত্র একটি ধাপে আবেদন করতে পারবেন। কোনো প্রার্থী উভয় ধাপে আবেদন করলে তার নিবন্ধন বাতিল বলে গণ্য হবে। নিবন্ধনের সময় প্রদত্ত তথ্যসহ প্রমাণাদি পরিষ্কার, সঠিক ও সত্য হতে হবে; ভুল বা বিভ্রান্তিকর তথ্য প্রদান করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

**৩। নিবন্ধনের শর্তাবলি—**

- দক্ষিণ কোরিয়ায় কর্মী প্রেরণকারী ১৭ টি দেশের জন্য এইচআরডি কোরিয়া কর্তৃক কোরিয়ান ভাষা পরীক্ষা ও স্কিল টেস্ট পরীক্ষার নির্ধারিত ফি ২৮ মার্কিন ডলার, যা বাংলাদেশি মুদ্রায় প্রায় ৩,৫০০ (তিন হাজার পাঁচশ) টাকা। এই অর্থ ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে সরাসরি এইচআরডি কোরিয়ার প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়। পরবর্তীতে এইচআরডি কোরিয়া কোরিয়ান ভাষা পরীক্ষা ও স্কিল টেস্ট পরিচালনাসহ লজিস্টিক সেবার যাবতীয় ব্যয় নির্বাহের জন্য প্রার্থী প্রতি সংশ্লিষ্ট দেশের সেন্ডিং এজেন্সিকে ৮ মার্কিন ডলার প্রদান করে থাকে। নিবন্ধন কার্যক্রম স্বচ্ছ, সুষ্ঠু ও প্রযুক্তিনির্ভরভাবে সম্পাদনের লক্ষ্যে বোয়েসেল পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী অনলাইন নিবন্ধন ফি ৫০০ (পাঁচশ) টাকা নির্ধারণ করা হয়েছে। এই

ফি পরিশোধের মাধ্যমে একজন প্রার্থী ঘরে বসেই অনলাইনে নিবন্ধন সম্পন্নসহ পরীক্ষা অংশগ্রহণের প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন। সমগ্র অনলাইন নিবন্ধন কার্যক্রমটি Bangladesh University of Engineering and Technology (BUET)-এর সার্বিক কারিগরি সহযোগিতায় পরিচালিত ও বাস্তবায়িত হয়ে থাকে। তাই একজন আবেদনকারী পরীক্ষার ফি ৩,৫০০/- টাকা এবং অনলাইন নিবন্ধন ফি ৫০০/- টাকাসহ মোট ৪০০০/- (চার হাজার) টাকা + বিকাশ চার্জ ৪৬ টাকা অফেরতযোগ্য বিকাশ অ্যাপ-এর মাধ্যমে পরিশোধ করতে হবে;

- দুই সরকারের মধ্যে সম্পাদিত সমঝোতা চুক্তির অনুচ্ছেদ ৬(৬) অনুযায়ী—কোরিয়ান ভাষা পরীক্ষায় অংশগ্রহণ বা পরীক্ষায় উত্তীর্ণ হওয়া দক্ষিণ কোরিয়ায় চাকরি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। এ বিষয়ে প্রার্থীদের অবহিতকরণ ও সচেতনতা নিশ্চিত করার লক্ষ্যে অনলাইন নিবন্ধনের সময় তাদের কাছ থেকে একটি অঙ্গীকারনামা গ্রহণ করা হবে, যেখানে তারা উক্ত শর্ত সম্পর্কে অবগত থাকার বিষয়টি স্বীকার করতে হবে এবং
- কোরিয়ান ভাষা পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ হয়ে জব রোস্টারে অন্তর্ভুক্ত হওয়া—দক্ষিণ কোরিয়ায় চাকরি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না; বরং এটি নিয়োগ প্রক্রিয়ায় প্রার্থী নির্বাচনের একটি অংশ। এ বিষয়ে প্রার্থীদের সুস্পষ্টভাবে অবহিত করার লক্ষ্যে জব অ্যাপ্লিকেশন জমাদানের সময় ৩০০ (তিনশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি অঙ্গীকারনামা গ্রহণ করা হবে, যেখানে তারা উক্ত শর্ত সম্পর্কে অবগত থাকার বিষয়টি স্বীকার করবে।

**৪। যোগ্যতা ও অযোগ্যতার শর্তাবলি—**

- কোরিয়ান ভাষা পড়া, লেখা ও বোঝার মৌলিক পারদর্শিতা থাকতে হবে;
- ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এসএসসি বা সমমান হতে হবে;
- বয়স ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে হতে হবে;
- পাসপোর্টের মেয়াদ কমপক্ষে ১৬ জুলাই ২০২৬ তারিখ পর্যন্ত বৈধ ও হালনাগাদ থাকতে হবে;
- পাসপোর্ট ও জাতীয় পরিচয়পত্রে উল্লেখিত নাম, জন্ম তারিখ এবং ছবির মধ্যে সামঞ্জস্য থাকতে হবে;
- 3D (Dirty, Difficult and Dangerous) প্রকৃতির কাজ করার মানসিকতা ও আগ্রহ থাকতে হবে;
- কালার ব্লাইন্ডনেস (Color Blindness) বা রঙ শনাক্তকরণে কোনো সমস্যা থাকা যাবে না;
- পোশাক-পরিচ্ছদ, আচার-আচরণ ও কথোপকথনে শালীনতা ও পেশাদারিত্ব বজায় রাখতে হবে;
- মাদকাসক্ত/সিফিলিস শনাক্ত ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;
- ফৌজদারি অপরাধে জেল বা অন্য কোনো শাস্তিপ্রাপ্ত ব্যক্তিরা অযোগ্য বলে বিবেচিত হবেন;
- দক্ষিণ কোরিয়ায় অবৈধভাবে অবস্থানকারীগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;
- দেশ ত্যাগে নিষেধাজ্ঞা আছে এমন ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন এবং
- ই-৯ বা ই-১০ ভিসায় কোরিয়াতে ৫ বছরের বেশি অবস্থানকারীগণ অযোগ্য বলে বিবেচিত হবেন।

**৫। প্রার্থী বাছাই প্রক্রিয়া—**

- প্রথম রাউন্ড পরীক্ষা (ইউবিটি)
- দ্বিতীয় রাউন্ড পরীক্ষা (কম্পিটেন্সি টেস্ট+স্কীল টেস্ট) এবং
- প্রাপ্ত স্কোর মূল্যায়নের রেজাল্ট ঘোষণা।

**৬। নিবন্ধন প্রক্রিয়া—**

**(ক) ১ম পর্যায়—ডিলিটকৃতদের অগ্রাধিকার ভিত্তিতে নিবন্ধন—**

ইপিএস কর্মসূচির আওতায় ১লা জানুয়ারি ২০২৪ থেকে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত জব রোস্টার থেকে ডিলিট হয়েছেন বা হবেন—শুধুমাত্র সেই প্রার্থীরাই পুনরায় কোরিয়ান ভাষা পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিবন্ধনের সুযোগ পাবেন। এ লক্ষ্যে আগামী ১০ জুলাই সকাল ১০টা থেকে ১২ জুলাই ২০২৬ তারিখ বিকাল ৪টার মধ্যে অনলাইন নিবন্ধন কার্যক্রম পরিচালিত হবে। আগ্রহী প্রার্থীরা নির্ধারিত শর্তাবলি পূরণ এবং নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে eps.boesl.gov.bd নিবন্ধন ওয়েবসাইটে আবেদন সম্পন্ন করতে পারবেন। যোগ্য ও আগ্রহী প্রার্থীকে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য পরামর্শ দেওয়া হচ্ছে। উল্লেখ্য, নির্ধারিত সময়সীমার মধ্যে কোনো ডিলিটকৃত প্রার্থী নিবন্ধন করতে ব্যর্থ হলে পরবর্তীতে তাঁকে পুনরায় নিবন্ধনের কোনো সুযোগ প্রদান করা হবে না। এতে কতজন প্রার্থী নিবন্ধন সম্পন্ন করেছেন যা ১৩ জুলাই ২০২৬ তারিখ বোয়েসেল ভেরিফাইড ফেইসবুক পেইজে নোটিশের মাধ্যমে অবহিত করা হবে। অর্থাৎ ২য় পর্যায় "আগে আসলে আগে পাবেন" ভিত্তিতে নতুন কতজন প্রার্থী নিবন্ধনের সুযোগ পাবেন তা জানা যাবে।

**অনলাইন নিবন্ধনকালীন প্রয়োজনীয় প্রমাণাদি—**

- পাসপোর্ট সাইজের সাদা ব্যাকগ্রাউন্ডে রঙিন ছবি {Picture Pixel Dimensions: 270 X 349 Pixels 14 KB (Maximum), JPEG format} নিবন্ধনের সময় আপলোড করতে হবে (নির্ধারিত ফরমেটে ছবি তৈরী করতে প্রদত্ত নমুনা অনুসরণ করুন)।
- পাসপোর্ট-এর ছবিযুক্ত ডাটা পেইজ-এর রঙিন স্ক্যান কপি {Passport Pixel Dimensions: 600 X 403 Pixels, Size: 60 KB (Maximum), JPEG format} নিবন্ধনের সময় আপলোড করতে হবে (নির্ধারিত ফরমেটে পাসপোর্ট তৈরী করতে প্রদত্ত নমুনা অনুসরণ করুন)।
- **নির্ধারিত নিয়মে পাসপোর্ট ও ছবির ফরমেট তৈরীর নমুনা নোটিশের সঙ্গে প্রদত্ত লিংক থেকে জানা যাবে।**

**অনলাইন নিবন্ধনকালীন প্রবেশপত্র সংগ্রহের নির্দেশনা**—

- বোয়েসেল-এর নিবন্ধন ওয়েব পোর্টালে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী নিবন্ধন সম্পন্ন করতে হবে।
- প্রথমে "Submit Application" button-টি ক্লিক করে প্রথম পেইজে যেতে হবে। সেখানে ২০২২, ২০২৩ ও ২০২৪ সালে জব রোস্টারকালীন ব্যবহৃত পাসপোর্ট নম্বরটি এবং প্রার্থীর সঠিক জন্ম তারিখ ইনপুট দিতে হবে। প্রদত্ত তথ্য সঠিক হলে পরবর্তী পেইজে গিয়ে বর্ণিত নির্দেশনানুযায়ী তথ্য প্রদান করে আবেদন সম্পন্ন করতে হবে।
- আবেদন সম্পন্ন করলে একটি Submission ID পাওয়া যাবে। এটি অবশ্যই নিজের নিকট সংরক্ষণ করতে হবে।
- অতঃপর বিকাশের মাধ্যমে পরীক্ষার ফি ও অনলাইন নিবন্ধন ফি সর্বমোট ৪,০০০/- টাকা + বিকাশ কমিশন ৪৬ টাকা প্রদান করতে হবে। উক্ত ফি প্রদানের সময় অবশ্যই Submission ID-টির প্রয়োজন হবে।
- সুষ্ঠুভাবে ফি প্রদান সম্পন্ন করলে পরীক্ষার Admit Card ডাউনলোড করা যাবে। এই জন্য নিবন্ধন পোর্টালের "Download Admit Card" button-টি ক্লিক করতে হবে বিধায় Submission ID-টি প্রয়োজন হবে।

**(খ) ২য় পর্যায়—আগে আসলে আগে পাবেন ভিত্তিতে নতুন প্রার্থীদের জন্য নিবন্ধন**—

- ১ম পর্যায় নিবন্ধন সম্পন্নের পর ২০,০০০ (বিশ হাজার) প্রার্থীর কোটা পূরণের লক্ষ্যে উপরে বর্ণিত ৩ ও ৪ নম্বর শর্তাবলি অনুযায়ী আগ্রহী প্রার্থীদের আগামী ১৪ জুলাই সকাল ১০টা থেকে ১৬ জুলাই ২০২৬ তারিখ বিকাল ৪টার মধ্যে "আগে আসলে আগে পাবেন" (First Come, First Served) ভিত্তিতে eps.boesl.gov.bd নিবন্ধন সাইটে প্রাথমিক নিবন্ধন সম্পন্ন করতে পারবেন। যোগ্য ও আগ্রহী প্রার্থীকে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য পরামর্শ দেওয়া হচ্ছে। নিবন্ধনকালীন সময় প্রার্থীদের নাম, জন্ম তারিখ, পাসপোর্ট নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর, পিতা ও মাতার নাম, পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন নম্বর, রঙিন ও সুস্পষ্ট পাসপোর্টের কপি, সাদা ব্যাকগ্রাউন্ডে তোলা রঙিন ও পরিষ্কার ছবি, নিজস্ব মোবাইল এবং ই-মেইলসহ প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

- চূড়ান্ত নিবন্ধনের জন্য নির্ধারিত ২০,০০০ (বিশ হাজার) প্রার্থীর কোটা পূরণের লক্ষ্যে অবশিষ্ট কোটার অতিরিক্ত ২০ শতাংশ প্রার্থীসহ মোট প্রাথমিক নিবন্ধনের সুযোগ প্রদান করা হবে। নির্ধারিত সংখ্যক প্রার্থীর নিবন্ধন সম্পন্ন হওয়ার সঙ্গে সঙ্গে নিবন্ধন সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। প্রাথমিক নিবন্ধন সফলভাবে সম্পন্ন হলে প্রত্যেক প্রার্থী একটি Submission ID প্রাপ্ত হবেন (যেমন: 260001201; ১ম পর্যায়ের নিবন্ধনের ভিত্তিতে আইডি নম্বর কম বা বেশি হতে পারে)। Submission ID-এর শেষের ৫ (পাঁচ) সংখ্যার মাধ্যমে প্রাথমিকভাবে নিবন্ধিত প্রার্থীর ক্রমিক নম্বর নির্ধারিত হবে।

- প্রাথমিকভাবে নিবন্ধিত প্রার্থীদের মধ্য হতে ১ম পর্যায়ের নিবন্ধনের ভিত্তিতে ২০,০০০ (বিশ হাজার) জন প্রার্থীর অবশিষ্ট কোটা পূরণের জন্য নতুন প্রার্থী ২য় পর্যায়ে চূড়ান্ত নিবন্ধনের সুযোগ পাবে। আগ্রহী প্রার্থীদের আগামী ১৪ জুলাই সকাল ১০টা থেকে ১৬ জুলাই ২০২৬ তারিখ বিকাল ৪টার মধ্যে "আগে আসলে আগে পাবেন" (First Come, First Served) ভিত্তিতে চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন করতে হবে। চূড়ান্ত নিবন্ধনের জন্য নির্ধারিত ফি ৩,৫০০ (তিন হাজার পাঁচশ) টাকা, অনলাইন নিবন্ধন ফি ৫০০ (পাঁচশ) টাকা + বিকাশ চার্জ ৪৬ টাকাসহ মোট অর্থ বিকাশ অ্যাপের মাধ্যমে পরিশোধ করতে হবে। উক্ত ফি সম্পূর্ণরূপে অফেরতযোগ্য। নির্ধারিত ফি পরিশোধ ও চূড়ান্ত নিবন্ধন সফলভাবে সম্পন্ন করার পর প্রার্থীরা কোরিয়ান ভাষা পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) সংগ্রহ করতে পারবেন।

- বর্ণিত তারিখ ও সময়ের মধ্যে ২০০০০ (বিশ হাজার) প্রার্থীর অবশিষ্ট কোটা পূরণের লক্ষ্যে প্রাথমিক নিবন্ধকারী কোনো প্রার্থী নির্ধারিত ফি পরিশোধ না করলে তাঁর প্রাথমিক নিবন্ধন বাতিল হয়ে যাবে। বর্ণিতাবস্থায়, ২০০০০ (বিশ হাজার) জনের কোটা পূর্ণ করার লক্ষ্যে Submission ID এর পরবর্তী ক্রমানুসারে প্রাথমিক নিবন্ধিত প্রার্থীদের চূড়ান্ত নিবন্ধনের জন্য নির্দিষ্ট সময় বেঁধে দিয়ে প্রযোজ্য ক্ষেত্রে ধারাবাহিকভাবে সুযোগ দেয়া হবে। এক্ষেত্রে পরবর্তীতে ক্রমানুসারে কারা সুযোগ পাবেন সেই তালিকা (Submission ID এর ক্রমানুসারে) এবং কতক্ষণের মধ্যে এই সুযোগ গ্রহণ করে চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন করতে হবে তা বোয়েসেল-এর ফেইসবুক পেইজ- https://www.facebook.com/boesl.gov.bd এর মাধ্যমে জানা যাবে অর্থাৎ প্রদত্ত নির্দিষ্ট সময়ের মধ্যে তালিকাভুক্ত একজন প্রাথমিক নিবন্ধিত প্রার্থী যদি চূড়ান্ত নিবন্ধন না করেন, তবে তার প্রাথমিক নিবন্ধন বাতিল হয়ে যাবে এবং ক্রমানুসারে প্রাথমিক নিবন্ধিত প্রার্থীকে সুযোগ দেয়া হবে (পরবর্তী তালিকা ও সময় প্রকাশের মাধ্যমে)। সুতরাং প্রাথমিক নিবন্ধিত প্রার্থীদের মধ্যে যারা নির্ধারিত সংখ্যার বাহিরে অর্থাৎ ২০ শতাংশ বেশি নিবন্ধকারী প্রার্থী, তাদেরকে সার্বক্ষণিক বোয়েসেল-এর ফেইসবুক পেইজ ফলো করতে হবে। প্রাথমিক নিবন্ধিত সকল প্রার্থীকে তাদের Submission ID সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

- নির্ধারিত সময়ে ২০০০০ (বিশ হাজার) জন প্রার্থী চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন হলে স্বয়ংক্রিয়ভাবে চূড়ান্ত নিবন্ধন কার্যক্রম বন্ধ হয়ে যাবে।

- কোনো প্রার্থী অনলাইন নিবন্ধনের সময় পাসপোর্ট নম্বরসহ অন্যান্য তথ্য ভুল দিলে বা ভুল হলে এবং পরিস্কার পাসপোর্ট কপি ও ব্যকগ্রাউন্ড সাদা পরিস্কার ছবি না দিলে প্রবেশপত্র প্রাপ্তি সাপেক্ষেও চূড়ান্ত নিবন্ধন বাতিল বলে গণ্য হবে এবং প্রেরিত নিবন্ধন ফি বাজেয়াপ্ত হবে। এক্ষেত্রে কোনো ধরণের সুপারিশ বা তদবির গ্রহণযোগ্য নয়। সংশ্লিষ্ট সকলকে সতর্কতার সহিত নিবন্ধন সম্পন্ন করার পরামর্শ দেয়া হলো।

- **প্রয়োজনে মেইনটেন্যান্সের জন্য রাত ১২ টার পর এক ঘণ্টা নিবন্ধন কার্যক্রম বন্ধ থাকতে পারে।**

৭। **পরীক্ষার তফসিল (সম্ভাব্য)—**

| নিবন্ধনের তারিখ ও সময় | জন্ম তারিখ | পরীক্ষার তারিখ ঘোষণা | পরীক্ষার শুরু |
|---|---|---|---|
| **ডিলিকৃতদের ক্ষেত্রে:** ১০ জুলাই সকাল ১০টা থেকে ১২ জুলাই ২০২৬ তারিখ বিকাল ৪টা পর্যন্ত | ১১ জুলাই ১৯৮৬ থেকে ১০ জুলাই ২০০৮ পর্যন্ত | ১৫ আগস্ট ২০২৬ | ১লা সেপ্টেম্বর ২০২৬ |
| **নতুনদের ক্ষেত্রে:** ১৪ জুলাই সকাল ১০টা থেকে ১৬ জুলাই ২০২৬ তারিখ বিকাল ৪টার মধ্যে আগে আসলে আগে পাবেন (first come first served) ভিত্তিতে | ১৫ জুলাই ১৯৮৬ থেকে ১৪ জুলাই ২০০৮ পর্যন্ত | | |

**※ পরীক্ষার তফসিল ইপিএস ব্যবস্থাপনা পরিস্থিতি অনুযায়ী হোমপেইজ নোটিশের মাধ্যমে পরিবর্তন যোগ্য**

৮। **উত্তীর্ণ প্রার্থীর (সম্ভাব্য) সংখ্যা:** এইচ আর ডি কোরিয়া কর্তৃক পরবর্তীতে ঘোষণা করা হবে।

- পূর্ণমান ২০০'র মধ্যে ১২০নম্বরের বেশি প্রাপ্তদের মধ্য থেকে সর্বোচ্চ নম্বরের ক্রমানুযায়ী (মেধা তালিকার ভিত্তিতে) পূর্ব নির্ধারিত সংখ্যক পরীক্ষার্থীকে উত্তীর্ণ করানো হবে।
- এ পরীক্ষায় পাশকৃত ব্যক্তিরাই শুধু ইপিএস-এর অধীনে চাকরির আবেদনপত্র জমা দিতে পারবে।

৯। **পরীক্ষা কেন্দ্র—**

- **পরীক্ষা কেন্দ্র:**ইপিএস-টপিক সিবিটি সেন্টার
- **ঠিকানা:** M ফ্লোর, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০ (বোয়েসেল যে বিল্ডিংয়ে অবস্থিত সেখানে বামদিকের লিফ্টে M ফ্লোর, ৬ ও ৭ তলার মাঝে)
- ইপিএস টিপিক ওয়েব সাইট (http://www.epstopik.hrdkorea.or.kr)
- বোয়েসেল নোটিশ বোর্ড ও ওয়েবসাইট (www.boesl.gov.bd)

১০। **কম্পিটেন্সি টেস্ট (সম্ভাব্য)—**

কম্পিটেন্সি টেস্টের সম্ভাব্য তারিখ আগামী জানুয়ারি ২০২৭ ও স্কিল টেস্টের সম্ভাব্য তারিখ আগামী ফেব্রুয়ারি ২০২৭ এবং চূড়ান্ত ফলাফল ঘোষণার সম্ভাব্য তারিখ এপ্রিল ২০২৭। উল্লেখ্য যে, এ বিষয়ে বিস্তারিত নোটিশ ওয়েবসাইট এবং ভেরিফাইড ফেইসবুক পেইজে উল্লেখ করা হবে।

১১। **দ্বিতীয় রাউন্ড পরীক্ষা (স্কিল টেস্ট + কম্পিটেন্সি টেস্ট) —**

প্রথম রাউন্ডে কোরিয়ান ভাষা পরীক্ষায় যারা ১২০ পেয়ে কালার ব্লাইন্ড টেস্টে উত্তীর্ণ হলে কেবল তারাই স্কিল টেস্টের জন্য নির্ধারিত স্থানে ২য় রাউন্ড পরীক্ষার জন্য উপস্থিত থাকতে পারবেন। স্কিল টেস্টের ধরণ শারীরিক সক্ষমতাসহ প্রয়োজনীয় টেস্ট।

১২। **কম্পিটেন্সি টেস্ট (সংশ্লিষ্ট ব্যক্তির জন্য) —**

| শ্রেণী | অতিরিক্ত পয়েন্ট বিবরণ | |
|---|---|---|
| কর্মদক্ষতা | ১ বছরের উর্ধ্বে (সর্বোচ্চ ৫ পয়েন্ট) | |
| অন্যান্য যোগ্যতা | এক বা একাধিক (সর্বোচ্চ ২ পয়েন্ট) | |
| প্রশিক্ষণ | সর্বোচ্চ ২০০ ঘণ্টা | সর্বোচ্চ ৩ পয়েন্ট |
| শিক্ষাগত যোগ্যতা | সর্বনিম্ন ডিগ্রী/সমমান | |

১৩। **পরীক্ষার মানবণ্টন—**

| প্রশ্নের ধরন | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর | সময় |
|---|---|---|---|
| মোট | ৪০ | ২০০ | ৫০মিনিট |
| রিডিং | ২০ | ১০০ | ২৫মিনিট |
| লিসেনিং | ২০ | ১০০ | ২৫মিনিট |

১৪। **পরীক্ষার সেশন—**

| সেশন | পরীক্ষার্থী আইডেন্টিটি চেক (বোয়েসেল ব্রিফিং রুম) | পরীক্ষার্থী প্রশিক্ষণ | পরীক্ষা | |
|---|---|---|---|---|
| | | | রিডিং (২৫মিনিট) | লিসেনিং (২৫মিনিট) |
| ১ম সেশন | 08:00~09:00 | 09:00~09:30 | 09:30~09:55 | 09:55~10:20 |
| ২য় সেশন | 09:30~10:30 | 10:30~11:00 | 11:00~11:25 | 11:25~11:50 |
| ৩য় সেশন | 12:00~13:00 | 13:00~13:30 | 13:30~13:55 | 13:55~14:20 |
| ৪র্থ সেশন | 13:30~14:30 | 14:30~15:00 | 15:00~15:25 | 15:25~15:50 |

- **প্রত্যেক পরীক্ষার্থীকে নির্ধারিত সময়সীমার মধ্যে বোয়েসেল ব্রীফিং রুমে উপস্থিত হয়ে আইডেন্টিটি চেক করিয়ে পরীক্ষার্থী প্রশিক্ষণ আরম্ভের পূর্বে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে হবে (১ম সেশন 09:00, ২য় সেশন 10:30, ৩য় সেশন 13:00, ৪র্থ সেশন 14:30 টা পর্যন্ত সর্বশেষ সময়)। অন্যথায় পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।**

❖ প্রশ্ন তৈরি, নম্বর বন্টন এবং পাশের মানদন্ড
  ▪ মাল্টিপল চয়েস কোয়েশ্চান (এম সি কিউ)
  ▪ কোন বিরতি ছাড়া রিডিং ও লিসেনিং পার্ট অনুষ্ঠিত হবে
❖ সকল প্রশ্ন এইচআরডি কোরিয়া কর্তৃক প্রকাশিত "ইপিএস টপিক স্ট্যান্ডার্ড টেক্সটবুক" এর ভিত্তিতে অপ্রকাশিত প্রশ্ন ব্যাংক থেকে করা হবে।
❖ পরীক্ষার দিন যা থাকতে হবে
  ▪ প্রবেশ পত্র
  ▪ মূল পাসপোর্ট
❖ নিবন্ধনের সময় যে পাসপোর্টটি ব্যবহার করা হয়েছিল তা অবশ্যই সঙ্গে থাকতে হবে। ফটোকপি গ্রহণযোগ্য নয়।

**১৫। পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর নাম ঘোষণা—**

❖ ঘোষণার তারিখ: পরীক্ষার দিন জানানো হবে।
❖ ঘোষণার পদ্ধতি:
  ▪ ইপিএস হোমপেইজ (www.eps.go.kr)
  ▪ বোয়েসেল হোমপেইজ (www.boesl.gov.bd)এবং বোয়েসেল এর নোটিশ বোর্ডে।
  ▪ ইপিএস টপিক হোমপেইজ (epstopik.hrdkorea.or.kr)
❖ পরীক্ষার ফলাফলের কার্যকারিতার মেয়াদ: ফলাফল ঘোষণার দিন থেকে ২বছর

**১৬। অনলাইনে সহায়তা বা পরামর্শ গ্রহণ—**

▪ **নিবন্ধনকালীন কোনো প্রার্থী সমস্যা/জটিলতার সম্মুখীন হলে এ সংক্রান্ত গুগল ডকস ফর্ম https://forms.gle/H7yLiFckTEZpPn7E6 এ চাহিত তথ্য দাখিল করার জন্য অনুরোধ করা হলো।** তথ্য প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনে তাৎক্ষণিকভাবে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে এসএমএস বা ইমেইলে পরামর্শ দেয়া হবে।

▪ **নিবন্ধন সংক্রান্ত বিষয়ে কোনো ব্যক্তি বা প্রাতিষ্ঠানের বিরুদ্ধে গ্রহণযোগ্য অভিযোগ থাকলে এ সংক্রান্ত গুগল ডকস ফর্ম https://forms.gle/BkNGTrrNzX7HHPit9 এ চাহিত তথ্য দাখিল করার জন্য অনুরোধ করা হলো।** তথ্য প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনে অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**১৭। অন্যান্য গাইডলাইন—**

➢ কোন পরীক্ষার্থী স্বেচ্ছায় কোরিয়া ত্যাগকারী নয় বলে প্রমাণিত হলে তার পরীক্ষার ফলাফল বাতিল বলে ধরে নেয়া হবে এবং এ ব্যাপারে সকল দায়-দ্বায়িত্ব পরীক্ষার্থীর উপর বর্তাবে।
➢ উত্তীর্ণ ব্যক্তিদের প্রি-রোস্টার তৈরী, রোস্টার অনুমোদন, চাকরি খোঁজার প্রক্রিয়া ইত্যাদি এইচআরডি কোরিয়ার চাহিদা মোতাবেক সম্পন্ন হবে।
➢ মোবাইল ফোন, ক্যাসেট প্লেয়ার PDA, MP3, ডিজিটাল অভিধান, ডিজিটাল ঘড়ি, কাগজ, কলম বা পরীক্ষায় অসদুপায়ে ব্যবহৃত হতে পারে এমন দ্রব্য সাথে নিয়ে পরীক্ষা কক্ষে প্রবেশ করা যাবে না (পরীক্ষা চলাকালে কারো কাছে এ সব দ্রব্য পাওয়া গেলে অসদুপায় অবলম্বনের দায়ে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করা হবে)। **সুতরাং এ সব দ্রব্যসমূহ পরীক্ষার দিন সাথে নিয়ে আসা থেকে বিরত জন্য থাকার অনুরোধ করা যাচ্ছে।**
➢ অসদুপায় অবলম্বন করতে গিয়ে ধরা পড়লে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর পরীক্ষা বাতিল করা হবে, এবং পরবর্তী ৩ বছরের জন্য ইউবিটি'তে অংশগ্রহণের যোগ্যতা হারাবে।
➢ নিবন্ধন ফর্মে উল্লিখিত তথ্যের (বিশেষ করে- নাম, জন্ম তারিখ)সাথে পাসপোর্টের তথ্যের মিল না থাকলে পরীক্ষায় পাশ করলেও পরবর্তীতে কোরিয়ায় প্রবেশ করা যাবে না এবং এ ব্যাপারে সকল দায় পরীক্ষার্থীর উপর বর্তাবে।
➢ অপ্রকাশিত প্রশ্ন ব্যাংক থেকে প্রশ্ন করা হবে, এইচ আর ডি কোরিয়া কর্তৃক প্রকাশিত "দ্য স্ট্যান্ডার্ড টেক্সটবুক ফর ইপিএস-টপিক" এর ভিত্তিতে প্রশ্নপত্র প্রস্তুত করা হবে।
➢ **স্ট্যান্ডার্ড টেক্সট বুকটি নিম্নের লিংক থেকে ডাউনলোড করা যাবে:** https://epstopik.hrdkorea.or.kr/epstopik/book/std/standardBookList.do?lang=ko

**১৮। সতর্কতা—**

● ইপিএস টপিকে উত্তীর্ণতা রোস্টারভুক্তির লক্ষ্যে কেবল জব অ্যাপ্লিকেশন আবেদন করার যোগ্যতাকে নিশ্চিত করে, দক্ষিণ কোরিয়ায় চাকরির নিশ্চয়তা বহন করে না।

- রোস্টারভুক্তদের চাকরি প্রাপ্তি সাপেক্ষে দক্ষিণ কোরিয়ায় প্রবেশের পর ড্রাগ ও যক্ষ্মা টেস্ট'এ পজিটিভ হলে কোরিয়া থেকে ফেরত পাঠানো হবে। পাঠানোর সকল ব্যয় সংশ্লিষ্ট প্রার্থীকে বহন করতে হবে।
- বাংলাদেশ সরকার-এর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়-এর সঙ্গে দক্ষিণ কোরিয়ার শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালর-এর মধ্যকার সমঝোতা চুক্তি অনুযায়ী একমাত্র বোয়েসেল বৈধভাবে দক্ষিণ কোরিয়ায় শ্রমিক প্রেরণ করতে পারবে। চূড়ান্তভাবে উত্তীর্ণ হওয়ার পর রোস্টারভুক্তি সাপেক্ষে যাদের শ্রম চুক্তি ইস্যু হবে কেবল তারা দক্ষিণ কোরিয়া গমনের ক্ষেত্র তৈরী হবে। এক্ষেত্রে কোন জনশক্তি রফতানিকারী এজেন্ট বা ভাষাশিক্ষা প্রতিষ্ঠান বা মধ্যস্বত্বভোগী এর ব্যত্যয় ঘটালে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।
- **ইপিএস টপিক সিবিটি'র নিবন্ধন ও পরীক্ষার ফি'র পর কোরিয়ায় প্রবেশ পর্যন্ত নির্ধারিত ব্যয় হবে তা সার্ভিস চার্জ হিসেবে বোয়েসেল-এর ওয়েবসাইটে প্রকাশ থাকবে।**

**ব্যবস্থাপনায়** শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, কোরিয়া প্রজাতন্ত্র
**বাস্তবায়নে:** এইচ.আর.ডি-কোরিয়া, কোরিয়া প্রজাতন্ত্র
**সহযোগীতায়:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও বোয়েসেল

**আগ্রহী প্রার্থীদের নিম্নবর্ণিত ফর্মে উল্লিখিত শর্ত রাজি আছে মর্মে অনলাইন নিবন্ধনকালীন সম্মতি দিতে হবে**
**(নিবন্ধনকালীন প্রার্থীর তথ্যগুলো বোয়েসেলসহ দক্ষিণ কোরিয়ার সংশ্লিষ্ট সরকারি সংস্থা ব্যবহার করে থাকে)**

**< Consent to the Processing and Third-Party Provision of Unique Identification Information >**

We intend to collect and use your unique identification information as follows.

| Information Item | Purpose of Collection and Use | Retention Period | Legal Basis |
|---|---|---|---|
| Unique Identification Information (Passport Number, National Identification Number) | Identification of EPS-TOPIK applicants and preparation of the EPS Job Seeker's Roster for successful applicants | Retained indefinitely | • Personal Information Protection Act, Art. 15(1)3 (Collection and Use)<br>• Personal Information Protection Act, Art. 17(1)2 (Third-Party Provision)<br>• Act on the Employment, etc. of Foreign Workers, Art. 7 (Preparation of Foreign Job Seeker's Roster) |

※ You have the right to refuse consent to the collection and use of your unique identification information. However, if you do not provide consent, your application for EPS-TOPIK may be restricted.

■ Do you consent to the collection and use of your unique identification information?

| I Agree | | I do not Agree | |
|---|---|---|---|

Your unique identification information may be provided to KEIS, Embassies of the Republic of Korea in Sending Countries, Embassies of Sending Countries in the Republic of Korea, and Immigration Offices for the purposes described below.

| Recipient | Purpose of Use | Information Provided | Retention Period |
|---|---|---|---|
| Korea Employment Information Service (KEIS) | Preparation of the EPS Job Seeker's Roster, employment permit issuance, employment contract processing, and related administrative affairs | Unique Identification Information (Passport Number, National Identification Number) | Retained indefinitely |
| Embassies of the Republic of Korea in Sending Countries | Monitoring workforce dispatch and introduction by country, and establishing measures to address illegal stay | | |
| Embassies of Sending Countries in the Republic of Korea | Monitoring workforce dispatch and introduction by country, and establishing measures to address illegal stay | | |

※ You have the right to refuse consent to the third-party provision of your unique identification information. However, if you do not provide consent, your application for EPS-TOPIK may be restricted.

■ Do you consent to the provision of your unique identification information to third


| I Agree | | I do not agree | |
|---|---|---|---|

Date: ________________ Name: ________________ Signature: ______________

President, Human Resources Development Service of Korea (HRD Korea)

## গ্রহণযোগ্য ছবির ও পাসপোর্টের নমুনা






## অগ্রহণযোগ্য ছবি ও পাসপোর্টের নমুনা





# নির্ধারিত পোর্টালে কোন্ ছবি সঠিক ও কোন্ ছবি বাতিল এইচআরডি কোরিয়া থেকে প্রাপ্ত নমুনা নিম্নরূপ:




**দক্ষিণ কোরিয়া সরকার জি টু জি পদ্ধতিতে একটি স্বচ্ছ, কম ব্যয়বহুল ও অনলাইন ভিত্তিক নিয়োগ ব্যবস্থা—ইপিএস (Employment Permit System)—প্রবর্তন করে। উক্ত কার্যক্রমের বিস্তারিত বিবরণ নিম্নরূপ:**

**বার্ষিক কোটা পদ্ধতি—**

- **কোটা ঘোষণা:** কোরিয়া সরকার প্রতিবছর দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি, শ্রমবাজারের চাহিদা, নিয়োগদাতাদের কর্মী চাহিদা এবং সামগ্রিক জাতীয় অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় বিদেশি কর্মী নিয়োগের সর্বোচ্চ কোটা নির্ধারণ করে।
- **কোটা বণ্টন:** নির্ধারিত ১৭টি দেশের সরকারি সেন্ডিং এজেন্সির কার্যক্রম, কর্মী প্রেরণের সাফল্য, কর্মীদের কর্মস্থলে অবস্থান, অবৈধ অবস্থানকারীর হার এবং অন্যান্য নির্ধারিত সূচকের ভিত্তিতে বার্ষিক মূল্যায়ন করা হয়। উক্ত মূল্যায়নের ফলাফলের ওপর ভিত্তি করে দেশভিত্তিক কোটা বণ্টন করা হয়।
- **কোটা পূরণের শর্তসমূহ:** নির্ধারিত কোটা পূরণ ও ভবিষ্যতে কোটা বৃদ্ধি অনেকাংশে নির্ভর করে সংশ্লিষ্ট দেশের কর্মীদের কর্মদক্ষতা, কর্মস্থলে শৃঙ্খলা ও আচরণ, কোরিয়ান ভাষাজ্ঞান, খাদ্যাভ্যাস ও সংস্কৃতির সঙ্গে অভিযোজন সক্ষমতা, কঠোর ও শ্রমঘন কাজে মানিয়ে নেওয়ার মানসিকতা এবং কর্মচুক্তি অনুসরণের ওপর। কর্মীদের ইতিবাচক কর্মসম্পাদন ও সুনাম সংশ্লিষ্ট দেশের জন্য অধিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**রোস্টারভুক্তির লক্ষ্যে নির্বাচন পদ্ধতি—**

- **নির্বাচনকাল:** কোরিয়ান ভাষা পরীক্ষায় নিবন্ধন থেকে শুরু করে জব রোস্টারে অন্তর্ভুক্তি পর্যন্ত সমগ্র নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হতে সাধারণত ন্যূনতম ১০-১২ মাস সময় প্রয়োজন হয়।
- **পরীক্ষার্থীর সংখ্যা নির্ধারণ:** বার্ষিক ঘোষিত কোটা এবং রোস্টারভুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী কোরিয়ান ভাষা পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীর সংখ্যা এবং চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীর সংখ্যা এইচআরডি কোরিয়া নির্ধারণ করে।
- **নিবন্ধন পদ্ধতি:** নির্ধারিত সংখ্যক প্রার্থীকে কোরিয়ান ভাষা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগের জন্য নিবন্ধন কার্যক্রম সাধারণত দুই পদ্ধতিতে পরিচালিত হয়-(ক) "আগে আসলে আগে পাবেন" (First Come, First Served) ভিত্তিতে এবং (খ)

লটারির মাধ্যমে। উক্ত পদ্ধতিতে নির্ধারিত সংখ্যার তুলনায় আবেদনকারীর সংখ্যা বেশি হলে লটারির মাধ্যমে তালিকা নির্ধারণ করা হয়। নির্বাচিতরা নির্ধারিত ফি পরিশোধের মাধ্যমে চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন করেন।

- **নির্ধারিত ফি:** কোরিয়ান ভাষা পরীক্ষায় অংশগ্রহণের জন্য এইচআরডি কোরিয়া কর্তৃক নির্ধারিত পরীক্ষার ফি ২৮ মার্কিন ডলার (স্কিল টেস্টসহ) এবং বোয়েসেল পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী অনলাইন নিবন্ধন ফি ৫০০ (পাঁচশ) টাকা। নির্ধারিত সময়ের মধ্যে উক্ত ফি পরিশোধ সাপেক্ষে প্রার্থীরা নিবন্ধনের সুযোগ পান।
- **পরীক্ষা গ্রহণ:** চূড়ান্তভাবে নিবন্ধন সম্পন্নকারী প্রার্থীরা নির্ধারিত তারিখ, সময় ও পরীক্ষাকেন্দ্রে এইচআরডি কোরিয়া কর্তৃক পরিচালিত কোরিয়ান ভাষা দক্ষতা এবং রঙ শনাক্তকরণ (Color Blindness) সক্ষমতা পরীক্ষায় অংশগ্রহণ করেন।
- **চূড়ান্ত নির্বাচন:** কোরিয়ান ভাষা পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের স্কিল টেস্ট গ্রহণ করা হয়, যেখানে তাদের শারীরিক সক্ষমতা, মৌলিক দক্ষতা এবং কর্মপরিবেশে মানিয়ে নেওয়ার সক্ষমতা মূল্যায়ন করা হয়। কোরিয়ান ভাষা পরীক্ষা ও স্কিল টেস্টে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে রোস্টারভুক্তির জন্য চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয়।

**রোস্টার ও ডিলিট পদ্ধতি—**

- **স্বাস্থ্য পরীক্ষা:** চূড়ান্তভাবে উত্তীর্ণদের রোস্টারভুক্তির পূর্বে সংশ্লিষ্ট সিভিল সার্জন কার্যালয় স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করা হয়।
- **জব অ্যাপ্লিকেশন ফর্ম গ্রহণ:** স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণদের নিকট হতে এইচআরডি কোরিয়া কর্তৃক নির্ধারিত জব অ্যাপ্লিকেশন ফর্ম গ্রহণ করা হয়। জব অ্যাপ্লিকেশন জমাদানের প্রতিটি ধাপে প্রার্থীদের স্পষ্টভাবে অবহিত করা হয় যে, জব রোস্টারে অন্তর্ভুক্তি চাকরি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না; বরং এটি নিয়োগ প্রক্রিয়ার একটি ধাপমাত্র।
- **জব রোস্টার:** নির্ধারিত নির্বাচন প্রক্রিয়ার ভিত্তিতে উত্তীর্ণদের তথ্য কোরিয়া প্রজাতন্ত্রের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনস্থ নির্ধারিত জব পোর্টালে সংরক্ষণ করা হয়। চাকরির জন্য বিবেচিত এই তালিকাই “জব রোস্টার” নামে পরিচিত।
- **রোস্টারের মেয়াদ:** জব রোস্টারের কার্যকারিতা সর্বোচ্চ দুই ধাপে মোট দুই বছর পর্যন্ত বহাল থাকে। এইচআরডি কোরিয়া রোস্টার অনুমোদন, সংরক্ষণ এবং ব্যবস্থাপনার দায়িত্ব পালন করে।
- **ডিলিট:** রোস্টারে অন্তর্ভুক্ত থাকার নির্ধারিত মেয়াদের মধ্যে কোনো প্রার্থী চাকরির জন্য নির্বাচিত না হলে তার নাম স্বয়ংক্রিয়ভাবে জব রোস্টার থেকে ডিলিট (Delete) হয়ে যায়। ডিলিটকৃত প্রার্থীদের পুনরায় রোস্টারভুক্ত হওয়ার জন্য প্রচলিত বিধি অনুযায়ী কোরিয়ান ভাষা পরীক্ষা ও অন্যান্য নির্ধারিত ধাপসমূহে অংশগ্রহণ করে পুনরায় উত্তীর্ণ হতে হবে।
- **চাকরির নিশ্চয়তা:** চূড়ান্ত উত্তীর্ণ হয়ে জব রোস্টারে অন্তর্ভুক্তি, কোনোভাবেই দক্ষিণ কোরিয়ায় চাকরি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। এটি শুধুমাত্র নিয়োগদাতার বিবেচনার জন্য প্রার্থী নির্বাচনের একটি অংশ।
- **অঙ্গীকারনামা গ্রহণ:** বাংলাদেশ সরকার ও কোরিয়া প্রজাতন্ত্র সরকারের মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারকের (MoU) অনুচ্ছেদ ৬(৬) অনুযায়ী কোরিয়ান ভাষা পরীক্ষায় অংশগ্রহণ, পরীক্ষায় উত্তীর্ণ হওয়া এবং জব রোস্টারে অন্তর্ভুক্তি দক্ষিণ কোরিয়ায় চাকরি প্রাপ্তির নিশ্চয়তা বহন করে না। বরং নিয়োগদাতার বিবেচনার জন্য প্রার্থী নির্বাচনের একটি অংশ এ মর্মে সকল উত্তীর্ণ প্রার্থী ৩০০ (তিনশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদান করবে।

**চাকরি প্রাপ্তির পদ্ধতি (জব রোস্টারভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে)—**

- **কর্মী নিয়োগের ক্ষমতা:** জব রোস্টারভুক্ত প্রার্থীদের মধ্য থেকে কর্মী নিয়োগের ক্ষমতা সম্পূর্ণরূপে কোরিয়ার নিয়োগদাতার নিজস্ব ও সার্বভৌম সিদ্ধান্তের ওপর নির্ভরশীল। অর্থাৎ, কোনো নিয়োগদাতা কর্মী নিয়োগ করবেন কি না, কাকে নিয়োগ করবেন, কখন নিয়োগ করবেন এবং কোন দেশ থেকে নিয়োগ করবেন—এসব বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের একচ্ছত্র অধিকার সংশ্লিষ্ট নিয়োগদাতার। কর্মী নির্বাচনের ক্ষেত্রে কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান, সেন্ডিং এজেন্সি বা তৃতীয় পক্ষের হস্তক্ষেপের কোনো সুযোগ নেই।
- **কর্মী নির্বাচন পদ্ধতি:** কোরিয়ান নিয়োগদাতার কর্মী নিয়োগের চাহিদার ভিত্তিতে কোরিয়া প্রজাতন্ত্রের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনস্থ জব সেন্টারসমূহ জব রোস্টারে অন্তর্ভুক্ত প্রার্থীদের মধ্য থেকে দৈবচয়ন (Random Selection) পদ্ধতিতে ১:৩ অনুপাতে প্রার্থীদের তথ্য সংশ্লিষ্ট নিয়োগদাতার নিকট উপস্থাপন করে। সংশ্লিষ্ট নিয়োগদাতা তার প্রয়োজন, চাহিদা ও পছন্দ অনুযায়ী ৩ জন থেকে ১ জনকে চূড়ান্তভাবে নির্বাচন করে থাকেন। এ ক্ষেত্রে প্রার্থীর ছবি, বয়স, উচ্চতা, ওজন, কর্ম-অভিজ্ঞতা, দক্ষতা, শারীরিক সক্ষমতা এবং এইচআরডি কোরিয়া কর্তৃক স্কিল টেস্টের সময় ধারণকৃত ভিডিওসহ অন্যান্য প্রাসঙ্গিক তথ্য বিবেচনা করা হয়।
- **অনলাইন ট্র্যাকিং ব্যবস্থা:** জব রোস্টারভুক্ত প্রার্থীরা তাদের নিজস্ব আইডি ব্যবহার করে ইপিএস অনলাইন সিস্টেমে লগইন করে শ্রমচুক্তি ইস্যু, নিয়োগদাতা কর্তৃক নির্বাচন এবং চাকরি প্রাপ্তিসহ সংশ্লিষ্ট অগ্রগতি পর্যবেক্ষণ করতে পারেন। একই সঙ্গে প্রার্থীর শ্রমচুক্তি সম্পাদনের প্রেক্ষিতে উক্ত তথ্য স্বয়ংক্রিয়ভাবে সেন্ডিং এজেন্সির নির্ধারিত ডাটাবেজেও দৃশ্যমান হয়, ফলে সম্পূর্ণ প্রক্রিয়াটি স্বচ্ছ ও তথ্যপ্রযুক্তিনির্ভরভাবে পরিচালিত হয়।